POVERTY SOLUTIONS
UNIVERSITY OF MICHIGAN

চাইল্ড ট্যাক্স ক্রেডিট (শিশু কর সম্মানী): আপনার যা জানা প্রয়োজন

নতুন চাইল্ড ট্যাক্স ক্রেডিট (শিশু কর সম্মানী) হলো ৬-১৭ বছর বয়সের শিশুদের প্রত্যেকের জন্য বছরে ৩,০০০ মার্কিন ডলার এবং ৬ বছরের কম বয়সী শিশুদের জন্য বছরে ৩,৬০০ মার্কিন ডলার। যদি আপনার ১৮ বছরের কম বয়সী সন্তান থাকে, তাহলে আপনি নিয়মিত অর্থপরিশোধের জন্য উপযুক্ত হতে পারেন, যদিও আপনি সাধারণত ট্যাক্স ফাইল না করে থাকেন অথবা আপনার আয় নিম্ন হোক/আয় না থাকুক। এটি নিয়মিত অর্থপরিশোধের মাধ্যমে প্রদান করা হবে, বছরে কেবল একবার নয়।

সম্প্রসারিত চাইল্ড ট্যাক্স ক্রেডিট (শিশু কর সম্মানী) পেতে:



- আপনার ট্যাক্স বা কর ফাইল করুন, যদি আপনি সাধারণভাবে এটি না করে থাকেন। আপনার পেমেন্ট কোথায় পাঠাতে হবে এবং আপনার কয়জন সন্তান রয়েছে এটি IRS-কে তা জানাবে। কর জমা দেয়ার ব্যাপারে সহায়তা পেতে ভিজিট করুন GetTheTaxFacts.org।
- যদি আপনি ইতোমধ্যেই আপনার ২০২০ সালের কর, ২০১৯ সালের কর জমা দিয়ে থাকেন, অথবা আপনার স্টিমুলাস (প্রণোদনা) পেমেন্ট পাওয়ার জন্য ২০২০ সালে IRS নন-ফাইলার টুল পূরণ করে থাকেন: আপনার আর কিছু করতে হবে না!
- যদি আপনার জন্য কর জমা দেয়া আবশ্যক না হয়, তবুও আমরা আপনাকে একটি কর রিটার্ন জমা দিতে উৎসাহ দিব যাতে আপনি উপযুক্ত হতে পারেন এমন কোনো ফেরতযোগ্য কর ক্রেডিট থেকে বঞ্চিত না হন। তবে, IRS সবেমাত্র একটি নন-ফাইলার টুল প্রকাশ করেছে যেটি আপনি শিশু কর ক্রেডিট এর জন্য সাইন আপ করতে, এবং বাদ যাওয়া যেকোনো স্টিমুলাস (প্রণোদনা) পেমেন্ট দাবি করতে উভয়টির জন্যই ব্যবহার করতে পারবেন।

আপনি উপযুক্ত হবেন যদি:

- আপনি অবিবাহত হন এবং আপনার আয় ৭৫,০০০ মার্কিন ডলারের কম হয়। অথবা, যদি আপনি অবিবাহিত হন এবং একজন পরিবারের প্রধান হিসেবে কর ফাইল করেন, তাহলে আপনার আয় অবশ্যই ১১২,৫০০ মার্কিন ডলারের কম হতে হবে।
- আপনারা স্বামী/স্ত্রী হোন এবং আপনাদের সম্মিলিত আয় ১৫০,০০০ মার্কিন ডলারের কম হয়।
- আপনার সন্তানের একটি সোশ্যাল সিকিউরিটি নম্বর থাকে। আপনি ITIN দিয়ে ফাইল করতে পারবেন, কিন্তু আপনার সন্তানের অবশ্যই SSN থাকতে হবে।
- যদি পরিবারের আয় উপরোক্ত সীমাগুলোর উপরে হয়, তাহলে আপনি আয়ের উপর নির্ভর করে কিছুটা কম পরিমাণ পেমেন্ট পেতে পারেন।

আরো তথ্যের জন্য ভিজিট করুন https://poverty.umich.edu/child-tax-credit/ ঠিকানায়

প্রায়শঃ জিজ্ঞাসিত প্রশ্নাবলি:

M | POVERTY SOLUTIONS

কখন আমার পেমেন্ট পাওয়া শুরু হবে?

IRS ১৫ জুলাই থেকে মাসিক পেমেন্ট পাঠানো শুরু করবে। আপনি শুধু অর্ধেক বছরের জন্য পেমেন্ট পাবেন, ফলে আপনাকে রিফান্ডের অবশিষ্ট অংশ পরবর্তী বছরের ট্যাক্সের সাথে দাবি করতে হবে।

চাইল্ড ট্যাক্স ক্রেডিট (শিশু কর সম্মানী) পাওয়া কি আমার সুবিধাগুলো কমিয়ে দিবে?

না, চাইল্ড ট্যাক্স ক্রেডিট SNAP সহ ফেডারেল তহবিল সুবিধাদির জন্য আয় হিসেবে গণ্য হয় না।

আমি ট্যাক্সের বা করের সময় আমার রিফান্ড পেয়ে অভ্যস্ত। এর অর্থ কি এই যে আমি ট্যাক্সের সময় এই অর্থ পাবো না?

এই বছর চাইল্ড ট্যাক্স ক্রেডিট (শিশু কর সম্মানী) যেভাবে সেট করা হয়েছে, অধিকাংশ পরিবার ২০২১ সাল জুড়ে কিছু সময়ের ব্যবধানে, এবং ট্যাক্সের সময়ে এককালীনভাবে পেমেন্ট পাবে। যারা উপযুক্ত হবেন তারা ট্যাক্সের সময় এটির পাশাপাশি তাদের উপার্জিত আয়কর ক্রেডিটও পাবেন।

আমি সচরাচর ট্যাক্স বা কর ফাইল করি নাই। আমি যাতে চাইল্ড ট্যাক্স ক্রেডিট (শিশু কর সম্মানী) পাই সেজন্য ট্যাক্স ফাইল করতে আমার কী কী লাগবে?

একটি ইমেইল ঠিকানা, পরিচয়পত্র, আয়ের এবং/অথবা লভ্যাংশের প্রমাণ, এবং আপনার সন্তানের সোশ্যাল সিকিউরিটি নম্বর।

চাইল্ড ট্যাক্স ক্রেডিটের মূল্য কত?

সম্প্রসারিত চাইল্ড ট্যাক্স ক্রেডিট সর্বোচ্চ ক্রেডিট প্রাপ্তি বৃদ্ধি করে একটি পরিবারে শিশু প্রতি ২,০০০ মার্কিন ডলার থেকে ৩,০০০ মার্কিন ডলার পর্যন্ত পেতে পারে, ছয় বছরের কম বয়সী শিশুদের জন্য ৩,৬০০ মার্কিন ডলার পর্যন্ত বৃদ্ধি পায়। এর অর্থ হলো যদি আপনার ৪ ও ৭ বছর বয়সী দুটি সন্তান থাকে, তাহলে আপনার ক্রেডিটের মূল্য বার্ষিক ৬,৬০০ মার্কিন ডলার হবে। সামগ্রিক ক্রেডিট মাসিক পেমেন্টে বিভক্ত, তাই আপনি ৬ থেকে ১৭ এর মধ্যে প্রতিটি শিশুর জন্য মাসিক ২৫০মার্কিন ডলার এবং ৬ বছরের কম বয়সী প্রতিটি শিশুর জন্য মাসিক ৩০০ মার্কিন ডলার আশা করতে পারেন।

সম্পূর্ণ ফেরতযোগ্য" অর্থ কী?

চাইল্ড ট্যাক্স ক্রেডিট আপনার কাছে ফেডারেল সরকারের পাওনা করের উপর প্রয়োগ করা হয়, যা আপনার যেকোনো করের চাপ কমাতে সাহায্য করে। যদি আপনার কোনো কর না থাকে, তাহলে এই অর্থ আপনাকে ফেরত প্রদান করা হয়। সম্পূর্ণ ফেরতযোগ্য অর্থ বলতে বুঝায় আপনি ফেরত হিসেবে ক্রেডিটের সম্পূর্ণ পরিমাণ পেতে পারেন।

প্রায়শঃ জিজ্ঞাসিত প্রশ্নাবলি:

M | POVERTY SOLUTIONS

আমাকে কি কর দাখিল করতে হবে?

- আপনি যদি আপনার ২০২০ সালের কর, ২০১৯ সালের কর দাখিল করেন, অথবা প্রণোদনা পেমেন্টের জন্য IRS (আই আর এস) নন-ফাইলার টুলে আপনার তথ্য প্রবেশ করান, তাহলে IRS এর ফাইলে ইতোমধ্যে আপনার তথ্য রয়েছে এবং ১৫ জুলাই থেকে পেমেন্ট পাঠানো শুরু করবে। আপনার পেমেন্টের জন্য নিশ্চিন্তে অপেক্ষা করুন।
- আপনি যদি অবিবাহিত হন এবং আপনার আয় ২০২০ সালে ১২,৪০০ মার্কিন ডলারের (বিবাহিত দম্পতির জন্য ২৪,৮০০ মার্কিন ডলার) এর বেশি হয়, তাহলে আপনার চাইল্ড ট্যাক্স ক্রেডিট পেতে আপনাকে আপনার কর দাখিল করতে হবে। আপনার কর দাখিল করায় সাহায্য পেতে, GetTheTaxFacts.org এ ভিজিট করুন।
- যদি আপনার উপার্জিত আয় ২০২০ সালে ১২,৪০০ মার্কিন ডলার (বিবাহিত দম্পতির জন্য ২৪,৮০০ মার্কিন ডলার) এর নিচে থাকে তাহলে আপনি আপনার কর দাখিল করে সর্বাধিক পরিমাণ অর্থ পাবেন। চাইল্ড ট্যাক্স ক্রেডিট ছাড়াও, আপনি উপার্জিত আয়কর ক্রেডিট, হোম হিটিং ক্রেডিট এবং হোমস্টেড প্রপার্টি ট্যাক্স ক্রেডিটের জন্যও যোগ্য হতে পারেন। কিন্তু আপনার চাইল্ড ট্যাক্স ক্রেডিট পেতে আপনাকে আপনার কর দাখিল করতে হবে না - আপনার পেমেন্ট পেতে এবং ২০২০ সালে আপনি হয়তো মিস করেছেন এমন কোনো প্রণোদনা পেমেন্ট পেতে IRS নন-ফাইলার টুলটি পূরণ করতে পারেন।

তবে, আপনি সক্ষম হলে, আমরা সবাইকে কর দাখিল করতে উৎসাহিত করি, এমনকি যদি আপনার আবশ্যক নাও হয়। আপনার কর দাখিল করা আপনাকে উপার্জিত আয়কর ক্রেডিটের মতো অন্যান্য পেমেন্টের জন্যও যোগ্য করতে পারে।

আমি যে অর্থ পাবো তার উপর কি কর ধার্য হবে?

না, এই অর্থের উপর কর ধার্য হবে না। চাইল্ড ট্যাক্স ক্রেডিট পেমেন্ট আয় নয়।

চাইল্ড ট্যাক্স ক্রেডিট থেকে আপনি যে অর্থ পান তা আপনাকে ফেরত দিতে হবে এমন সম্ভাবনা নেই। যদি আপনার পারিবারিক তথ্য এবং আয় আপনার শেষ কর দাখিলের পর থেকে একই থাকে, তাহলে আপনি এই বছর সঠিক পরিমাণ পাবেন এবং আপনাকে কিছু ফেরত দিতে হবে না। কিন্তু যদি এই বছর আপনার আয় অনেক বৃদ্ধি পায়, যেমন যদি এটি পরিবারের প্রধান হিসেবে দাখিল করা কারো জন্য ১১২,০০০ মার্কিন ডলারের এর উপরে যায়, তাহলে আপনি অগ্রিম পেমেন্ট পেতে পারেন যা আপনার প্রাপ্যের চেয়ে বেশি। অথবা, যদি গত বছর আপনার কোনও সন্তান আপনার সাথে থাকে যে এই বছরের বেশিরভাগ সময় আপনার সাথে আর থাকবে না।

এমনকি যদি এটি আপনার জন্য প্রযোজ্য হয়, আপনার আয় ৪০,০০০ মার্কিন ডলারের নিচে হলে, আপনি অবিবাহিত বা বিবাহিত পৃথকভাবে দাখিল করলে, ৫০,০০০ মার্কিন ডলার আপনি পরিবারের প্রধান হলে, অথবা ৬০,০০০ মার্কিন ডলার আপনি বিবাহিত হলে একসাথে দাখিল করলে আপনি কোনো কিছু পরিশোধ করা থেকে মুক্ত। আরও তথ্যের জন্য, IRS ওয়েবসাইট ভিজিট করুন।

যে মা-বাবারা একটি সন্তানের দেখাশোনা ভাগ করে করেন তারা উভয়ই কি চাইল্ড ট্যাক্স ক্রেডিট পেতে পারেন?

না, কেবল একজন মা বা বাবা একটি সন্তানের ক্রেডিট দাবি করতে পারেন। বছরের মধ্যে কমপক্ষে ৬ মাস সন্তানটিকে অবশ্যই আপনার সাথে থাকতে হবে।

প্রায়শঃ জিজ্ঞাসিত প্রশ্নাবলি:

M | POVERTY SOLUTIONS

আমি কিভাবে মাসিক পেমেন্ট বন্ধ করব? এটা করার কি কোন সুবিধা আছে?

আপনি IRS.gov/ChildTaxCredit এ গিয়ে এবং "ম্যানেজ পেমেন্টস" ক্লিক করে মাসিক পেমেন্ট বন্ধ করতে পারেন। আপনি এটি করলে, ২০২২ সালে আপনার কর দাখিল করার সময় আপনার সম্পূর্ণ ট্যাক্স ক্রেডিট পাবেন। আপনি যদি পরের বছরে করের সময় বৃহত্তর এককালীন অর্থ পেতে চান তাহলে আপনি বন্ধ করার সিদ্ধান্ত নিতে পারেন। আপনি যদি মাসিক পেমেন্ট গ্রহণ করেন অথবা মাসিক পেমেন্ট বন্ধ করেন এবং এককালীন অর্থ গ্রহণ করেন তাহলে আপনি একই পরিমাণ অর্থ পাবেন।

যদি আমার সন্তানের বয়স এই বছর ৫ থেকে ৬ বছরে পড়ে, তাহলে আমি কত টাকা পাব?

আপনার পেমেন্টের পরিমাণ ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে আপনার সন্তানের বয়সের উপর নির্ভর করে। উদাহরণস্বরূপ, যদি আপনি ২০২০ সালের কর দাখিলের সময় আপনার সন্তানের বয়স ৫ হয় এবং নভেম্বরে ৬ বছর বয়স হয়, তাহলে আপনার পেমেন্ট এই বছর প্রতি মাসে ২৫০ মার্কিন ডলার হবে।

সামাজিক সুরক্ষা নম্বর ছাড়া মা-বাবারা কি চাইল্ড ট্যাক্স ক্রেডিট দাবি করতে পারেন?

যে মা-বাবাদের সামাজিক সুরক্ষা নম্বর নেই তাদের চাইল্ড ট্যাক্স ক্রেডিট দাবি করার জন্য একটি ব্যক্তি করদাতা শনাক্তকরণ নম্বরের (ITIN) প্রয়োজন হবে, এমনকি আপনি কর দাখিল না করলেও। আমরা মানুষকে অন্যান্য মূল্যবান ট্যাক্স ক্রেডিটের জন্য কর দাখিল করতে উৎসাহিত করি, যার মধ্যে রয়েছে সন্তানের পরিচর্যার জন্য সন্তান ও নির্ভরশীল কেয়ার ক্রেডিট যা আপনাকে কাজ করা অথবা টিউশন বা মাধ্যমিক পরবর্তী শিক্ষার ফি এর জন্য আমেরিকান অপরচুনিটি ট্যাক্স ক্রেডিট পেতে অনুমোদন দেয়।

একটি ITIN পেতে, আপনাকে অবশ্যই W-7 ফর্ম পূরণ করতে হবে। মিশিগানের প্রত্যয়িত স্বীকৃত এজেন্টস আপনাকে এই প্রক্রিয়ায় সহায়তা করতে পারে; কেউ পরিষেবার জন্য মূল্য নেয়, এবং কেউ এটি বিনামূল্যে করে।

DACA প্রাপকরা কি সম্প্রসারিত চাইল্ড ট্যাক্স ক্রেডিটের জন্য যোগ্য?

হ্যাঁ, DACA প্রাপকসহ যোগ্যতা অর্জনকারী বসবাসকারীরা, চাইল্ড ট্যাক্স ক্রেডিটের জন্য যোগ্য যতক্ষণ পর্যন্ত পরিবারের দাবি করা শিশুর একটি বৈধ সামাজিক সুরক্ষা নম্বর থাকে। ITIN দাখিলকারীদের উপর নির্ভরশীল DACA প্রাপকদের চাইল্ড ট্যাক্স ক্রেডিটের জন্যও দাবি করা যেতে পারে কারণ তাদের বৈধ সামাজিক সুরক্ষা নম্বর রয়েছে। DACA প্রাপকদের কর দাখিলের জন্য আরো তথ্য এখানে দেখুন।